

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিষ্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.explosives.gov.bd

অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত অংশীজনের সভার কার্যবিবরণী।

সভাপতি : দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী
তারিখ : ২৩ নভেম্বর, ২০২০
সময় : বিকাল ২.৩০ ঘটিকা
স্থান : প্রধান বিষ্ফোরকের কার্যালয়, বিষ্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
উপস্থিত সদস্য: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিষ্ফোরক পরিদপ্তরের সহকারী বিষ্ফোরক পরিদর্শক, জনাব সানজিদা আক্তার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভাকে অবহিত করেন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে এ দপ্তরে ইতোমধ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা মনোনয়ন করা হয়েছে। ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণের বিষয়ে সচেষ্টিত থাকার নির্দেশনা প্রদান করেন। তিনি সভাকে অবহিত করেন, যে কোন অভিযোগকারী যেন দ্রুততম সময়ের মধ্যে সেবা পায় সে বিষয়টি বিবেচনায় রেখে যে কোন অভিযোগ প্রতিকারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) কর্মপরিকল্পনায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ১.৩ এ অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ০৪টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সভাগুলো আয়োজন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিষয়ে স্বল্পসময়ে, যথাযথভাবে অভিযোগ নিষ্পত্তিকরণের জন্য দিক-নির্দেশনা দেয়া হয়েছে। অতএব এ দপ্তরের আওতাধীন সকল বিভাগীয় অফিসে দিক-নির্দেশনা যথাযথভাবে পালন করবে। বিষ্ফোরক পরিদপ্তরের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবা বক্স এ জিআরএস প্রসেস ম্যাপ অনুযায়ী অভিযোগ দাখিল করা যাবে যা সেবা গ্রহীতাদের জানানো হয়। অভিযোগ প্রদানের আবেদন ফরম ও প্রসেস ম্যাপ উপস্থিত সকলকে প্রদর্শন করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- আবেদনকারী কর্তৃক দাখিলকৃত অভিযোগ দ্রুত প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করার জন্য ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা সচেষ্টিত থাকতে হবে;
- এ প্রতিকার সংক্রান্ত প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;
- অংশীজনের বা সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ০৪টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকল ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)

প্রধান বিষ্ফোরক পরিদর্শক (অ.দা.)

টেলিফোন: ৯৩৪৫২৫৮

ই-মেইল: dhaka@explosives.gov.bd